

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৫
কাঞ্চনপুর, ২৪ মে, ২০২৩

কাঞ্চনপুরে মৎস্যচাষে প্রশিক্ষণ শিবির

কাঞ্চনপুর টাউনহলে আজ বন দপ্তরের উদ্যোগে ও মৎস্য দপ্তরের সহযোগিতায় মৎস্যচাষ বিষয়ে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে কাঞ্চনপুর মহকুমার বিভিন্ন স্বসহায়ক দল এবং জেএফএমসি সদস্য সদস্যগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, এমডিসি শৈলেন্দ্র নাথ, মৎস্য তত্ত্বাবধায়ক অনিমেষ চাকমা, বনদপ্তরের রেঞ্জ অফিসার অমিয় সূত্রধর প্রমুখ। শিবিরে বিধায়ক ফিলিপ কুমার রিয়াং বলেন, রাজ্য সরকার মাছ চাষে উৎসাহিত করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। মাছ চাষের মাধ্যমে সহজেই কৃষকরা আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারেন। প্রশিক্ষণ শিবিরে মৎস্য তত্ত্বাবধায়ক অনিমেষ চাকমা মাছ চাষ বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করেন।
